"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫১

তারিখ: ১৮ মাঘ , ১৪২৯ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৫৪ তম কমিশন সভা অদ্য ০১/০২/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Al-Madina Pharmaceuticals Limited (আল-মদিনা ফার্মাসিউটিক্যালস লিমিটেড) এর ৫.০০ (পাঁচ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Qualified Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ৫.০০ (পাঁচ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি বিদ্যমান ব্যবসা প্রসারিতকরণ, ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.৩০ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) পুনঃমূল্যায়ন সহ ২১.৬৫ টাকা এবং পুনঃমূল্যায়ন ছাড়া ১২.৬৩ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Bank Investment Limited।

01-02-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র